

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 05-01-2025**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) ভারত ও বাংলাদেশের মধ্যে বহু প্রতীক্ষিত, বন্দী মৎস্যজীবী বিনিময় আজ সম্পন্ন হবে। ভারতে ফিরে আসবেন দক্ষিণ ২৪ পরগনার ৯৫ জন মৎস্যজীবী।
- ২) কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, বাংলাকে কোনোভাবেই বাংলাদেশ হতে দেওয়া হবে না।
- ৩) কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর অভিযোগ করেছেন, ভোটব্যাঙ্কের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী অনুপ্রবেশকে মদত দিচ্ছেন।
- ৪) বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বাংলাদেশ সীমান্তে অনুপ্রবেশ নিয়ে বিএসএফ-এর বিরুদ্ধে অবমাননাকর মন্তব্যের জন্য মুখ্যমন্ত্রীকে খোলা চিঠি দিয়েছেন।
- ৫) রাজ্যের কৃষি মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেছেন, কৃষকদের কাছে রাজ্যের দুটি নিজস্ব প্রকল্পই কেন্দ্রের প্রকল্পের তুলনায় অনেক বেশি গ্রহণযোগ্য।
- ৬) জাল পাসপোর্ট কাণ্ডে জড়িত থাকার অভিযোগে আরও দুই ধৃতের ৫ দিনের পুলিশ হেফাজত।

---

ভারত ও বাংলাদেশের মধ্যে দুদেশের জলসীমায় বন্দী মৎস্যজীবীদের আজ বিনিময় করা হবে। এজন্য ডায়মন্ডহারবার সংশোধনাগার থেকে বাংলাদেশের ১২ জন

মৎস্যজীবীকে হলদিয়ার তটরক্ষী বাহিনীর সদর কার্যালয়ে নিয়ে যাওয়া হয়েছে। ওড়িশার পারাদ্বীপ থেকে নিয়ে আসা হয়েছে আরও ৭৮ জনকে। বাংলাদেশ উপকূল রক্ষী বাহিনীর হাতে তাদের তুলে দেওয়া হবে।

অন্যদিকে, ভারতীয় তটরক্ষী বাহিনীর হাতে তুলে দেওয়া হবে ওপারে বন্দী ৯৫ জন মৎস্যজীবীকে। তাদের অধিকাংশই দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপ ও নামখানার বাসিন্দা। আগামী সোমবার গঙ্গাসাগরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাঁদের সঙ্গে সাক্ষাত করতে পারেন বলে নবান্ন সূত্রে জানা গেছে।

-----

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, বাংলাকে কোনোভাবেই বাংলাদেশ হতে দেওয়া হবেনা। নদীয়ার ফুলিয়ায় ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজির নবনির্মিত ভবনের উদ্বোধন করে গতকাল তিনি ভাষণ দিচ্ছিলেন। এ রাজ্যে এনআরসি এবং সিএএ চালু করতে তিনি মানুষকে সচেতন হওয়ার আহ্বান জানান।

বাইট গিরিরাজ

বিরোধী নেতা শুভেন্দু অধিকারি বিএসএফ-এর বিরুদ্ধাচরণ করার জন্য রাজ্য সরকারের ওপর ক্ষোভ উগড়ে দিয়েছেন। ফুলিয়ায় এক সাংবাদিক সম্মেলনে শ্রী অধিকারি অভিযোগ করেন, শাসকদলের নেতা কর্মীরা আধার ও ভোটার কার্ড তৈরি করে দিচ্ছে।

বাইট শুভেন্দু বর্ডার

অন্যদিকে, কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর অভিযোগ করেছেন, ভোটব্যাঙ্কের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী অনুপ্রবেশকে মদত দিচ্ছেন। স্বরূপ নগরে ইছামতি নদীর ওপর

এক লেনের সড়ক সেতুর ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে গতকাল শ্রী ঠাকুর বলেন, বিএসএফ অনুপ্রবেশ করালে গোটা দেশ এতদিন দখল হলে যেত।

বাইট শান্তনু

---

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বাংলাদেশ সীমান্তে অনুপ্রবেশ নিয়ে বিএসএফ-এর বিরুদ্ধে অবমাননাকর মন্তব্যের জন্য মুখ্যমন্ত্রীকে খোলা চিঠি দিয়েছেন। চিঠিতে তিনি জানান, মুখ্যমন্ত্রী ভোট ব্যাংকের স্বার্থে এই ধরনের অভিযোগ উত্থাপন করেছেন। এই মন্তব্য শুধুমাত্র পশ্চিমবঙ্গে নয় সারা দেশে কর্মরত বিএসএফ কর্মীদের পক্ষে অপমানজনক। সেনাদের সম্পর্কে মুখ্যমন্ত্রীর এই ধরনের অবমাননাকর মন্তব্য অত্যন্ত দুঃখজনক। একজন জনপ্রতিনিধি এবং মুখ্যমন্ত্রী হিসেবে তার এই অভিযোগ সেনাদের মনোবলকে দুর্বল করে দেয়। অনুপ্রবেশকারীরা এ রাজ্যে প্রবেশ করলে কিভাবে তাদের পরিচয় পত্র তৈরি হয় এবং পুলিশ ও অন্যান্য আধিকারিকরা কিভাবে তাদের যাচাই করে নাগরিকত্ব দেয় তিনি সে বিষয়ে প্রশ্ন তোলেন।

পাশাপাশি অনুপ্রবেশ রুখতে রাজ্যের অভ্যন্তরে বিএসএফের নজরদারির সীমানা বৃদ্ধির সিদ্ধান্তে রাজ্য সরকার কেন বিরোধিতা করে শ্রী অধিকারী সে সম্পর্কেও প্রশ্ন তোলেন। স্বরাষ্ট্র মন্ত্রকের আবেদন সত্ত্বেও বিএসএফকে কাঁটাতার দেওয়ার জন্য রাজ্যের বহু অংশে। জমি দেওয়া হয়নি বলে তিনি অভিযোগ করেন। কেন্দ্রীয় সরকার অনুপ্রবেশকারীদের সনাক্ত করতে এবং ভোটার তালিকা থেকে তাদের নাম বাদ দিয়ে দেশ থেকে বিতাড়িত করতে প্রতিশ্রুতিবদ্ধ বলে বিরোধী দলনেতা জানিয়েছেন। তাই

ভোট ব্যাংকের স্বার্থে পশ্চিমবঙ্গের সংস্কৃতিকে নষ্ট না করার জন্য তিনি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছেন।

---

জাল পাসপোর্ট কাণ্ডে জড়িত থাকার অভিযোগে আরও দুই ধৃতকে গতকাল বর্ধমান সিজিএম আদালতে তোলা হলে তাদের ৫ দিনের পুলিশি হেফাজতে পাঠানো হয়েছে। ধৃত গণেশ চক্রবর্তী ও অনিবার্ণ সামন্তকে বর্ধমান থানার পুলিশ শুক্রবার রাতেই হুগলীর সিঙ্গুর থানা এলাকায় তাদের বাড়ি থেকে গ্রেপ্তার করে। এদের কাছ থেকে দুটি মোবাইল, সিমকার্ড ও একটি কম্পিউটার বাজেয়াপ্ত করা হয়েছে। এই নিয়ে এই ঘটনায় এখনও পর্যন্ত মোট চারজন গ্রেপ্তার হল।

এদিকে, বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল নদীয়ায় জাল পাসপোর্ট মামলার তদন্তভার এনআইএ-র হাতে যাওয়া উচিত বলে মন্তব্য করেছেন।

বাইট শুভেন্দু

---

শিয়ালদহ স্টেশন চত্বর থেকে পুলিশ গতরাতে এক বাংলাদেশী মহিলাকে আটক করে। পুলিশ জানায় ঐ মহিলা বৈধ কাগজ পত্র দেখাতে পারেনি। ধৃত মহিলা জানায় সে তিনদিন আগে এসেছে। পুলিশ ধৃতকে লালবাজারে নিয়ে এসেছে, সেখানে জিগ্যাসাবাদ চলছে।

---

দেশের কৃষি ক্ষেত্রে বর্তমান অবস্থা নিয়ে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ বিভিন্ন রাজ্যের কৃষিমন্ত্রীদের সঙ্গে ভারুয়াল বৈঠক করেন। বৈঠকে কেন্দ্রীয় কৃষি মন্ত্রী এরা জ্যে ফসল বীমা যোজনা কার্যকর করার ওপর জোর দিলে রাজ্যের কৃষি মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, এখানকার কৃষকদের কাছে রাজ্যের দুটি নিজস্ব প্রকল্প অনেক বেশি গ্রহণযোগ্য। শুধু কৃষক বন্ধু প্রকল্পেই রাজ্যের এক কোটি এক লক্ষ কৃষক নাম নথিভুক্ত করেছেন বলে উল্লেখ করে শ্রী চট্টোপাধ্যায় দাবি করেন, এখানে কৃষকদের আয় ২১১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। পশ্চিমবঙ্গ ছাড়াও অন্ধ্র, পাঞ্জাব ও বিহারের মত বেশ কিছু রাজ্য কেন্দ্রীয় প্রকল্প গ্রহণ করেনি বলে শ্রী চট্টোপাধ্যায় বৈঠকে জানান। গোবিন্দভোগ চাল বিদেশে রপ্তানির অনুমতি চেয়ে ২০২২ সালে কেন্দ্রের কাছে আবেদন করা হলেও এখনও তার অনুমতি দেওয়া হয়নি বলে কৃষিমন্ত্রী জানান। রাজ্যে সারের বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে এবং এজন্য সার নিয়ে কালোবাজারি বাড়ছে বলেও রাজ্যের কৃষিমন্ত্রী অভিযোগ করেছেন।

-----

মালদায় তৃণমূল কংগ্রেসের কাউন্সিলারের খুনের ঘটনা এবং তার জেরে মুখ্যমন্ত্রীর পুলিশের ভূমিকা নিয়ে ক্ষোভ প্রকাশ করার প্রেক্ষিতে রাজনৈতিক ব্যক্তিত্বদের নিরাপত্তা পুনরায় পর্যালোচনা করা হচ্ছে। বিভিন্ন জেলায় রাজনৈতিক দলের নেতা-নেত্রীরা কী ধরনের পুলিশি নিরাপত্তা পাচ্ছেন তা নিয়ে নিরাপত্তা অধিকর্তা পীযুষ পাণ্ডে রিপোর্ট তলব করেছেন। সাম্প্রতিককালে কাদের নিরাপত্তা প্রত্যাহার করা হয়েছে পুলিশ সুপার এবং কমিশনারদের কাছে তাও জানতে চাওয়া হয়েছে। আগামীকালের মধ্যে ওই রিপোর্ট জমা দিতে হবে।

এদিকে, দুলাল ওরফে বাবলা সরকারের খুনের ঘটনায় ধৃত অভিজিৎ ঘোষ এবং অমিত রজককে গতকাল মালদা জেলা আদালতে তোলা হলে ১৩ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। এই নিয়ে এই ঘটনায় মোট ৫ জনকে গ্রেপ্তার করা হল। দুজনেরই বাড়ি মালদা শহর এলাকায়। খুনের ঘটনায় জড়িত দুষ্কৃতীরা বাবলা সরকারের কারখানার পাশে একটি ঝুপড়ি থাকছিল বলে জানা গেছে। সেখান থেকেই তারা ঐ নেতার গতিবিধির উপর নজরদারি চালাচ্ছিল।

---

২০২৩ সালের মে মাসে পূর্ব মেদিনীপুরের ময়নায় বিজেপি নেতা বিজয় কৃষ্ণ ভূঁইয়ার খুনের ঘটনায় জাতীয় তদন্ত সংস্থা এনআইএ শুক্রবার ভোররাতে মহারাষ্ট্র থেকে মোহন মন্ডল নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। তাকে ট্রানজিট রিম্যান্ডে এ রাজ্যে নিয়ে আসা হচ্ছে। এই নিয়ে এনআইএ মোট এই ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করল। এছাড়া পুলিশ আরও ৯ জনকে গ্রেপ্তার করেছে।

---

বীরভূমের কঙ্কালীতলা গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান তৃণমূল কংগ্রেসের মামন শেখের বাড়ির সামনে বোমাবাজির ঘটনায় এলাকায় চাপ্তাল্য ছড়িয়েছে। কিছুদিন আগেই তিনি সাংবাদিক সম্মেলন করে তার প্রাণ সংশয়ের আশঙ্কা প্রকাশ করেছিলেন। তার পরে পরেই বাড়িতে বোমাবাজির ঘটনায় খুব স্বাভাবিকভাবে আতঙ্কে রয়েছেন পঞ্চায়েত উপপ্রধান।

---

মুর্শিদাবাদের নওদাতে সর্বাঙ্গপুরে গতকাল বিকেল পাঁচটা নাগাদ মিটিং এ গাড়ি করে যাওয়ার সময়ে, তুনমূল কর্মী রিন্টু বিশ্বাস গুলিবিদ্ধ হন। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে মুর্শিদাবাদ মেডিকেল কলেজে ভর্তি করা হয়। দুস্কুতীর খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে। ঘটনাস্থলে বিশাল পুলিশ বাহিনী রয়েছে। জানা গেছে রিন্টু বিশ্বাসের অবস্থা এখনো আশঙ্কাজনক।

---

আসন্ন গঙ্গাসাগর মেলায় পুণ্যার্থীদের সুবিধার্থে পূর্ব রেল বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে। পূর্ব রেলের দায়িত্ব প্রাপ্ত মুখ্য জন সংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত একথা জানিয়ে বলেন, প্রত্যাশিত ভিড়ের কথা বিবেচনা করে, শিয়ালদহ দক্ষিণ , কলকাতা স্টেশন , লক্ষ্মীকান্তপুর , নামখানা, কাকদ্বীপ থেকে বিভিন্ন দিকে আগামী ১২ থেকে ১৭ই জানুয়ারী ১২ টি গ্যালোপিং ইএমইউ স্পেশাল ট্রেন চলবে। এছাড়াও, ৩টি ইএমইউ লোকালের যাত্রাপথ বর্ধিত করা হবে । গ্যালোপিং মেলা স্পেশাল ট্রেনগুলি বালিগঞ্জ, সোনারপুর, বারুইপুর, লক্ষ্মীকান্তপুর, নিশ্চিন্দপুর এবং কাকদ্বীপ স্টেশনে থামবে। আগামী ১০ই জানুয়ারি থেকে ১৬ই জানুয়ারি পর্যন্ত কাশীনগর হল্ট স্টেশনে কোনও ট্রেন থামবে না বলে পূর্ব রেল সূত্রের খবর।

---

গঙ্গাসাগর মেলা মাঠে আগুন নেভানোর জন্য ৭৫ টি অত্যাধুনিক বাইকের ব্যবস্থা করা হয়েছে। এগুলি দ্রুত জনবহুল এলাকা এবং খুব কম পরিসরের মধ্যে ঢুকতে পারবে। দ্রুত আগুন আয়ত্তে আনার জন্য ৫০ টি বাইকে ৩০ লিটার ফোমের ব্যবস্থা থাকছে।

---

কলকাতা থেকে মুকুটমণিপুর যাওয়ার পথে বাঁকুড়া-খাতরা রাজ্য সড়কের বাগডিহায় ৬৫ জন যাত্রী নিয়ে একটি বাস উল্টে গেলে ১৫ জন পর্যটক আহত হয়েছেন। এরা প্রত্যেকেই কলকাতার রুবি এলাকার বাসিন্দা। এদেরকে ইন্দুপুর ব্লক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। গুরুতর আহত তিনজনকে বাঁকুড়া সম্মিলনী কলেজ ও হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

---